

প্রেস বিজ্ঞপ্তি - ১৬ জুলাই, ২০১৭

সামিট কর্পোরেশনের নতুন অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক হলেন ফয়সাল খান

ফয়সাল খান চলতি জুলাই মাস থেকে সামিট কর্পোরেশনের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক হিসেবে যোগদান করেছেন।

এর আগে তিনি সামিট পাওয়ার লিমিটেডের পরিচালক (অপারেশন) এবং সামিট গ্রুপের সকল অঙ্গপ্রতিষ্ঠান সমূহের পরিচালনা পরিষদের সদস্য হিসেবে দায়িত্ব পালন করে আসছেন। গত এক দশকে তিনি ১,১০০ মেগাওয়াট ক্ষমতার ১০টি পাওয়ার জেনারেশন প্রকল্পের উন্নয়নে কাজ করেছেন।

আগামীতে উপযুক্ত নেতৃত্ব দেওয়ার পরিকল্পনা অনুযায়ী তিনি ২০০৭ সালে আনুষ্ঠানিকভাবে সামিট গ্রুপে যোগদান করেন এবং প্রতিষ্ঠানটির পাওয়ার জেনারেশন, কমিউনিকেশনস, রিয়েল এস্টেট ডেভেলপমেন্ট, পোর্ট এবং শিপিং সার্ভিস সহ বিভিন্ন বিভাগে কাজ করেন। বর্তমানে তিনি সামিট গ্রুপের ব্যবসায়িক কর্মকাণ্ড সমূহের বৃহৎ অবকাঠামোগত উন্নয়ন ও ব্যবস্থাপনার দায়িত্ব পালন করছেন।

নতুন দায়িত্ব সম্পর্কে ফয়সাল খান বলেন, “দেশের বেসরকারি খাতের সবচেয়ে বড় বিদ্যুৎ উৎপাদনকারি প্রতিষ্ঠানের প্রতিনিধিত্ব করতে পেরে আমি গর্ববোধ করছি। বাংলাদেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নের এখন অগ্রযাত্রার সময়। দেশের অর্থনৈতিক উন্নয়নে অর্থপূর্ণ অবদান রাখতে সামিট সবসময় প্রতিশ্রুতিবদ্ধ।”

ফয়সাল খান বেসরকারি খাতে বিদ্যুৎ উন্নয়ন পরিকল্পনা বিষয়ক জাতীয় স্থায়ী কমিটির চেয়ারম্যান এর দায়িত্ব পালন করেন। তিনি ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (ডিসিসিআই) এর এনার্জি এবং পাওয়ার সেক্টরের যুগ্ম আহ্বায়ক এর দায়িত্ব পালন করেন। এছাড়াও তিনি বাংলাদেশ-চীন চেম্বার অব কমার্স এর পরিচালক পদে নির্বাচিত হন।

ফয়সাল খান ইউনিভার্সিটি কলেজ অব লন্ডন থেকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক এবং লন্ডন বিজনেস স্কুল থেকে এমবিএ সম্পন্ন করেছেন।

বিস্তারিত জানতে:

মোহসেনা হাসান | ইমেইল-mohsena.hassan@summit-centre.com | মেবাইল- ০১৭১৩০৮১৯০৫